গাংনীকে ট্রাফিক পুলিশের অভিযান, মামলা দায়ের ও মোটরসাইকেল জব্দ

মেহেরপুর ট্রাফিক পুলিশের ঝটিকা অভিযানে চেকপোস্ট বসিয়ে মোটরসাইকেল আটক ও মালিককে মামলা দায়ের করা হয়েছে।

আজ সোমবার দুপুর থেকে বিকাল পর্যন্ত মেহেরপুর-কুষ্টিয়া সড়কের গাংনী উপজেলা শহরের কাথুলি মোড় ও মালশাদহ নামক স্থানে পৃথক অভিযান চালানো হয়।

মেহেরপুর ট্রাফিক পুলিশের সার্জন মোজাফফর হোসেনের নেতৃত্বে অভিযানে অর্ধশতাধিক মোটরসাইকেলের কাগজপত্র পরীক্ষা করা হয়।

এ সময় হেলমেটবিহীন গাড়ি চালানোসহ মোটরসাইকেলের বৈধ কাগজপত্র না থাকায় ১৪টি মোটরসাইকেল আটক করা হয় এবং ১৪টি মামলা দায়ের করা হয়। এসময় চারটি গাড়ির মালিককে ১৬ হাজার টাকা জরিমানা করা হয়।

অভিযানে ট্রাফিক পুলিশের অন্যান্য কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।

মেহেরপুর ট্রাফিক পুলিশের সার্জন মোজাফফর হোসেন বলেন, সড়ক দুর্ঘটনা রোধকল্পে ধারাবাহিক অভিযান চালানো হবে। প্রতিদিনই আমরা অভিযান চালিয়ে এই সমস্ত অবৈধ মোটরসাইকেলসহ যে সমস্ত মোটরসাইকেলে চালক হেলমেট বিহীন এবং ড্রাইভিং লাইসেন্স বিহীন চলাচল করে তাদের বিরুদ্ধে আইনগত ব্যবস্থা নিচ্ছি।

চুয়াডাঙ্গায় ট্রাফিক পুলিশের অভিযানে মোটরসাইকেল জব্দ

চুয়াডাঙ্গায় বিভিন্ন স্থানে ট্রাফিক পুলিশের পক্ষ থেকে অভিযান পরিচালনা করা হয়েছে এ সময় কাগজপত্র বিহীন মোটরসাইকেল জব্দ করা

হয়।

আজ সোমবার সকাল থেকে বিকাল পর্যন্ত চুয়াডাঙ্গা সদর উপজেলার বিভিন্ন স্থানে এই অভিযান পরিচালনা করা হয় এবং ৩৭টি কাগজপত্র বিহীন মোটরসাইকেল জব্দ করা হয়।

অভিযানের বিষয়ে চুয়াডাঙ্গা ট্রাফিক বিভাগের টি আই হাসান বলেন জেলা পুলিশ সুপার আর এম ফয়জুর রহমান পিপিএম সেবা নির্দেশনায় জেলায় অবৈধ যানবাহন চলাচল বন্ধের লক্ষ্যে ট্রাফিক পুলিশের অভিযান চলমান রয়েছে। তবে যখন যে এলাকায় অবৈধ যানবাহন চলাচল বেড়ে যায়, তখন সে এলাকায় আমরা অভিযান পরিচালনা করি।

এরই ধারাবাহিকতায় সকাল হতে দিনব্যাপী চুয়াডাঙ্গা সদর উপজেলার দশ মাইল বাজার, সরোজগঞ্জ বাজার এবং ডিঙ্গেদহ সহ বিভিন্ন এলাকায় চেকপোস্ট বসিয়ে এ বিশেষ অভিযান পরিচালনা করা হয় এবং ৩৭ টি অবৈধ কাগজপত্র বিহীন মোটরসাইকেল জব্দ করা হয়েছে।

তিনি আরও জানান, আটককৃত অবৈধ ও কাগজপত্র বিহীন মোটরসাইকেল গুলো চুয়াডাঙ্গা সদর থানায় হেফাজতে রাখা হয়েছে। অভিযান পরিচালনার সময় উপস্থিত ছিলেন জেলা ট্রাফিক পুলিশের সার্জেন্ট বুলবুল, সার্জেন্ট তাজরুল হক, টিএসআই মোমিন সহ ট্রাফিক পুলিশ ও জেলা পুলিশের অন্যান্য সদস্যবৃন্দ।